Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/৪৫৩

তারিখঃ ০৩ কার্তিক ১৪৩২ / ১৯ আক্টোবর ২০২৫

প্রাপক:
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ সৌদি আরবে কর্মী প্রেরণের লক্ষ্যে Skill Verification Program (SVP) এর তালিকাভুক্ত ট্রেডসমূহে প্রশিক্ষণ চালু করার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত।

সূত্র: মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৯.০০.০০০০.০৩৮.৯৯.০৬৯.২৫.১৪৮, তারিখ: ১৯ অক্টোবর ২০২৫ খ্রি.

জনাব

আস্-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে জানানো যাচ্ছে যে, সৌদি আরবে কর্মী প্রেরণের লক্ষ্যে BAIRA International Skill Training Centre সহ অন্যান্য মানসম্পন্ন ও অবকাঠামো সমন্বিত প্রশিক্ষণ কেন্দ্রসমূহে Skill Verification Program (SVP) এর তালিকাভুক্ত ট্রেডসমূহ প্রশিক্ষণ চালু করার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর পত্রের কপি সদয় কার্যার্থে ও অবগতির নিমিত্ত নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১ পাতা বর্ণনামতে।

বায়রা'র পক্ষে

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

১। সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, প্রশিক্ষণ- (কারিকুলাম) শাখা)।
২। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৩। প্রশাসক, বায়রা, ঢাকা।
৪। অধ্যক্ষ, BISTI, গাজীপুর।
৫। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৬। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

BAIRA BHABAN : 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel : +88-02-41032136-38, Fax : +88-02-41032144
E-mail : baira1984@gmail.com, info@baira.org.bd, Web : www.baira.org.bd

বায়রা সচিবালয়, ঢাকা
সম্মানিত প্রশাসক | সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/আইটিও/
রিসেপশনিষ্ট ০০১৫
ডকেট/ডায়েরী নং 1046
তারিখ ও সময় 19/10/25

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশিক্ষণ-১ (কারিকুলাম) শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০৩৮.৯৯.০৬৯.২৫.১৪৮ তারিখ: ১৯ অক্টোবর, ২০২৫ খ্রি.

**বিষয়: সৌদি আরবে কর্মী প্রেরণের লক্ষ্যে Skill Verification Program (SVP) এর তালিকাভুক্ত ট্রেডসমূহে প্রশিক্ষণ চালু করার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৌদি আরব গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের SVP'র তালিকা অনুযায়ী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ শেষে Takamol অ্যাসেসমেন্টে অংশগ্রহণ করতে হয়। বর্তমানে মাসে প্রায় ৪৫,০০০ কর্মী Takamol Test-এ অংশগ্রহণ করলেও বিএমইটি'র নির্ধারিত টিটিসিসমূহে মাসে সর্বোচ্চ ১৬,০০০ জনকে প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে। ফলে বাস্তব কারনেই অনেক কর্মী SVP'র তালিকাভূক্ত ট্রেডসমূহের প্রশিক্ষণ ছাড়াই Takamol Test-এ অংশগ্রহণ করছেন এবং এর মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক কর্মী পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হচ্ছেন। টিটিসি'র পাশাপাশি বায়রা'র মানসম্পন্ন প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে SVP'র তালিকাভুক্ত নির্ধারিত ট্রেডসমূহের প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব হলে এ সমস্যা কাটিয়ে উঠা সম্ভবপর হবে।

০২। এমতাবস্থায়, BAIRA International Skill Training Centre সহ অন্যান্য মানসম্পন্ন ও অবকাঠামো সমন্বিত প্রশিক্ষণ কেন্দ্রসমূহে SVP'র তালিকাভুক্ত ট্রেডে প্রশিক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি দ্বারা সজ্জিতকরণসহ যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯.১০.২৫
(সায়রা পারভীন)
উপসচিব
ফোন: ৪১০৩০২৫৭
ইমেইল: dstraining@probashi.gov.bd

প্রশাসক,
বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)
বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

**অনুলিপি: সদয় অবগতির জন্য**

০১। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (যুগ্মসচিব), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৪। উপসচিব (প্রশিক্ষণ অধিশাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৫। যুগ্মসচিব (প্রশিক্ষণ অনুবিভাগ), এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৬। অফিস কপি।